

বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।  
[www.bb.org.bd](http://www.bb.org.bd)

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৭

তারিখঃ ভাদ্র ১৬, ১৪২৭  
আগস্ট ৩১, ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

**নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই  
(CMSME) খাতের জন্য বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধা প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে এপ্রিল ১৩, ২০২০ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২০ এর অনুচ্ছেদ ১(খ), ৪(খ) ও ৪(ঘ) এ উপখাতভিত্তিক ঋণ/বিনিয়োগের বিভাজন এবং গ্রাহক পর্যায়ে প্রতিটি ঋণ/বিনিয়োগের বিন্যাস ও সীমা সংক্রান্ত বিষয়াবলী বর্ণিত রয়েছে। এক্ষেত্রে, আলোচ্য প্যাকেজ এর আওতায় ঋণ বিতরণ অধিকতর গতিশীল করার লক্ষ্যে ক্ষতিগ্রস্ত প্রতিষ্ঠানসমূহের অনুকূলে চলতি মূলধন বাবদ ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের জন্য উক্ত অনুচ্ছেদসমূহে নিম্নোক্ত সংশোধনী আনয়ন করা হয়েছে :


ক) এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২০ এর ১(খ) অনুচ্ছেদে বর্ণিত উৎপাদন ও সেবা উপখাতে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের বাৎসরিক মোট ঋণ/বিনিয়োগের আনুপাতিক হার যথাক্রমে ৫০ ও ৩০ শতাংশ এর পরিবর্তে উক্ত উপখাতদ্বয়ে বাৎসরিক মোট ঋণ/বিনিয়োগের আনুপাতিক হার সামগ্রিকভাবে ৮০ শতাংশে পুনর্বিন্যাস করা হ'ল।

খ) উৎপাদন ও সেবা শিল্পে বিদ্যমান ঋণ/বিনিয়োগ গ্রহীতা প্রতিষ্ঠানে প্রদেয় ঋণ/বিনিয়োগের পরিমাণ উক্ত প্রতিষ্ঠানের ডিসেম্বর ৩১, ২০১৯ তারিখ ভিত্তিক চলতি মূলধন বাবদ মঞ্জুরীকৃত/প্রদত্ত সীমার ৫০% এর বেশি হবে না। নতুন ঋণ/বিনিয়োগ গ্রহীতার ক্ষেত্রেও বিদ্যমান নীতিমালার আওতায় চলতি মূলধন বাবদ ঋণ/বিনিয়োগের প্রাপ্যতা সীমা নির্ধারণপূর্বক তার সর্বোচ্চ ৫০% প্রদেয় হবে।

গ) অনুচ্ছেদ ২(খ) এর আওতায় ঋণ মঞ্জুরী/বিতরণের ক্ষেত্রে এসএমইএসপিডি সার্কুলার নং-২ তারিখ সেপ্টেম্বর ০৫, ২০১৯ এর অনুচ্ছেদ ২.৬ এ বর্ণিত নির্দেশনা পরিপালন নিশ্চিত করতে হবে।

০৩। সার্কুলারে বর্ণিত অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত,



(হুসনে আরা শিখা)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০৫০২